



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/ ২৭৬৩/৭

তারিখঃ ১২/১২/২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।


সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০২৩.০৬.০০১.১৭-৮৬০; তারিখঃ ০৭/১১/২০১৭খ্রিঃ  
২) নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/২৪৪/৪; তারিখঃ ০৮/০৩/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলাধীন তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে বিগত ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ রুহুল আমিন নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হওয়ায় দাখিলকৃত কমিটি অনুমোদন না দেয়ার জন্য আবেদন করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ-কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ তদন্ত পূর্বক জেলা প্রশাসক, ময়মনসিংহ এর মাধ্যমে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়েছে। প্রতিবেদনে দেখা যায়, মাদ্রাসার কমিটি কর্তৃক ছাত্রদের নিকট হতে অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে এবং আনীত অভিযোগ সত্য মর্মে প্রমানিত হয়েছে। এরূপ কার্যকলাপের কারণে সভাপতি ও মাদ্রাসার সুপারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত কর্মকর্তা কর্তৃক সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী কেন সভাপতির পদ বাতিলসহ মাদ্রাসার সুপারের বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সভাপতি ও মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
14.12.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

১৪/১২/১৭

প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।  
২) সুপার, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।

নং- বামাশিবো/প্রশা/ ময়মনসিংহ-২৩৩/

তারিখঃ ১২/১২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
৪. জনাব মোঃ রুহুল আমিন, সাবেক সভাপতি, ম্যানেজিং কমিটি, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, তারাকান্দা, ময়মনসিংহ।
৫. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- গৌরীপুর, তারাকান্দা, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪